



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৬.২৩-১০৭৩

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০
১১ জুলাই ২০২৩

বিষয়: নগর মাতৃসদন স্থাপনের জন্য নরসিংদী জেলার মাধবদী পৌরসভার অনুকূলে দানকৃত ভূমিতে মাধবদী ডায়বেটিক এন্ড জেনারেল হাসপাতাল স্থাপনের অভিযোগ।

সূত্র : ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৬.২৩-৭৬৩; তারিখ: ১৭ মে ২০২৩ খ্রি:

২। জনাব মোঃ রফিকুল ইসলাম, গ্রাম: টাটাপাড়া, ডাকঘর: নওপাড়া, উপজেলা: নরসিংদী, নরসিংদী এর আবেদন, তারিখ: নেই।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর মাতৃসদন স্থাপনের জন্য নরসিংদী জেলার মাধবদী পৌরসভার অনুকূলে জনাব মোঃ রফিকুল ইসলাম কর্তৃক দানকৃত ভূমিতে মাধবদী ডায়বেটিক এন্ড জেনারেল হাসপাতাল স্থাপন করা হচ্ছে মর্মে এ বিভাগে অভিযোগ দাখিল করা হয় (কপি সংযুক্ত)।

২। উক্ত অভিযোগের বিষয়ে মতামত প্রদান, উক্ত ভূমি দানের দলিল, দানের শর্তাদি, ভূমির বর্তমান মালিকানার তথ্য, বর্তমানে ডায়বেটিক এন্ড জেনারেল হাসপাতাল স্থাপন সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রদানের জন্য অনুরোধ করা যেতে পারে। পাশাপাশি, অভিযোগটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ড. রফিকুল ইসলাম খান হাসপাতাল পরিচালনার জন্য দানকৃত ভূমিতে ডায়বেটিক এন্ড জেনারেল হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম স্থগিত রাখার জন্য স্থানীয় সরকার বিভাগ হতে মে/২০২৩ মাসে মেয়র, মাধবদী পৌরসভা-কে অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু, এ পর্যন্ত মাধবদী পৌরসভা হতে কোন তথ্য প্রদান করা হয়নি।

৩। বর্তমানে ড. রফিকুল ইসলাম খান কর্তৃক দাখিলকৃত সূত্রস্থ ২নং আবেদনে পুনরায় জানিয়েছেন, মাধবদী ডায়বেটিক এন্ড জেনারেল হাসপাতাল পরিচালনার জন্য মাধবদী পৌরসভার সাথে ইতোমধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে। এছাড়া, নগর মাতৃসদনের প্রাঙ্গণে অবৈধ স্থাপনা নির্মাণ করা হয়েছে, যা স্বাস্থ্য সেবা প্রদানের সংশ্লিষ্ট নয়।

৪। এমতাবস্থায়, মাধবদী পৌরসভায় ড. রফিকুল ইসলাম খান এর দানকৃত ভূমিতে নির্মিত নগর মাতৃসদন হাসপাতালে মাধবদী ডায়বেটিক এন্ড জেনারেল হাসপাতাল পরিচালনা সংক্রান্ত কার্যক্রম স্থগিত রাখা এবং অভিযোগের বিষয়ে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি, উক্ত ভূমি দানের দলিল, দানের শর্তাদি, ভূমির বর্তমান মালিকানার তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


১১/০৭/২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র,

মাধবদী পৌরসভা, নরসিংদী

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. জেলা প্রশাসক, নরসিংদী
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. জনাব মোঃ রফিকুল ইসলাম, গ্রাম: টাটাপাড়া, ডাকঘর: নওপাড়া, উপজেলা: নরসিংদী, নরসিংদী